

সিডেনহাম থেকে ব্যাঙ্কস্টাউন  
সিডনি মেট্রোর জন্য পথ তৈরি করা হচ্ছে



সাউথওয়েস্ট লিঙ্ক  
ট্রেন প্রতিস্থাপনে বাস



# সচরাচর জিজ্ঞাস্য প্রশ্নাবলী

## সাউথওয়েস্ট লিংক কি?

সাউথ ওয়েস্ট লিংক হল একটি বিশেষভাবে নিবেদিত, সচরাচর চলাচল করে এমন একটি বাস পরিষেবা যা নিশ্চিত করে যে যাত্রীরা যেন T3 ব্যাক্সসটাউন লাইনের চূড়ান্ত সংস্কারের সময় ভ্রমণ চালু রাখতে পারে।

## সাউথওয়েস্ট লিঙ্কের মূল বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে:

- তিনটি বিশেষভাবে নিবেদিত বাস রুট
- প্রতিদিন ভোরবেলা থেকে শুরু করে গভীর রাত পর্যন্ত সচরাচর পরিষেবা, এতে কিছু রুট জুড়ে পিক পিরিয়ডে প্রতি দুই থেকে চার মিনিটে একটি বাস সহ
- সমস্ত স্টপ এবং সীমিত স্টপ পরিষেবাগুলির মিশ্রণ।

সাউথওয়েস্ট লিঙ্ক একটি সমন্বিত পরিবহন পরিকল্পনার অংশ।

## সমন্বিত পরিবহন পরিকল্পনা কি?

সমন্বিত পরিবহন পরিকল্পনা হল T3 ব্যাক্সসটাউন লাইন সংস্কারের কাজ চলাকালীন যাত্রীদের যেখানে যেতে হবে সেখানে যেতে সাহায্য করার জন্য তাদের জন্য উপলব্ধ সমস্ত বিকল্প পরিবহন ব্যবস্থা।

যাত্রীরা বেছে নিতে পারেন:

- সাউথওয়েস্ট লিঙ্ক বাস
- সিডেনহাম মেট্রো সার্ভিসে টার্ন-আপ-এন্ড-গো
- স্থানীয় বাস
- ট্রেন
- লাইট রেল
- সাইকেলে চড়ে এবং হাঁটার রুট ধরে (হেঁটে)।

## সাউথওয়েস্ট লিংক কখন শুরু হবে এবং এটি কতদিন চালু থাকবে?

সাউথওয়েস্ট লিঙ্ক বাসগুলি জুলাই এবং অক্টোবর 2024 এর মধ্যে শুরু হবে এবং 12 মাস পর্যন্ত চলবে।

## সাউথওয়েস্ট লিংক পরিষেবাগুলি কি অ্যাক্সেসযোগ্য হবে?

হ্যাঁ। অ্যাক্সেসযোগ্য করা হবে, সাউথওয়েস্ট লিংক বাস রুট জুড়ে লো-ফ্লোর-বাস (অপেক্ষাকৃত-নিচু-মেঝে যুক্ত) ব্যবহার করা হবে।

## আপগ্রেড করার সময় কি আমার ভ্রমণের সময় বাড়বে?

হ্যাঁ। আপগ্রেডের সময় সিডেনহাম এবং ব্যাক্সসটাউনের মধ্যে আপনার যাত্রাতে অতিরিক্ত ভ্রমণের সময় বরাদ্দ রাখুন। আপনি সাউথওয়েস্ট লিঙ্ক বাস ট্রিপের পরিকল্পনা করতে পারবেন, সেইসাথে পরিষেবাগুলি শুরু করার আগে, বিকল্প পরিবহন বিকল্পগুলিও অন্বেষণ করতে পারবেন।

## সিডেনহাম থেকে ব্যাঙ্কস্টাউন এর মধ্যে T3 ব্যাঙ্কস্টাউন লাইনটি কেনো আপগ্রেড করা হচ্ছে?

2025 সাল থেকে দ্রুত মেট্রো যাত্রী পরিষেবা চালু করতে আমরা T3 ব্যাঙ্কস্টাউন লাইন সংস্কারে কাজ করছি।

চূড়ান্ত আপগ্রেডের কাজ কেবল তখনই শুরু করা যেতে পারে যখন সিডনি ট্রেন পরিষেবাগুলির চলাচল বন্ধ হয়। এর মধ্যে রয়েছে ব্যাঙ্কস্টাউন স্টেশনে সিডনি ট্রেন এবং মেট্রো সার্ভিসকে আলাদা করার কাজ, সম্পূর্ণ স্টেশনের আপগ্রেড, প্ল্যাটফর্মে স্ক্রিন ডোর স্থাপন করা, ওভারহেড ওয়্যারিং, চূড়ান্ত ট্র্যাক সমান্তরালের কাজ, ট্রেন পরীক্ষা এবং নিয়োগ/ঠিকাদারি কার্যক্রম সম্পন্ন করা।

সিডনি মেট্রো একটি টার্ন-আপ-এন্ড-গো পরিষেবা হিসাবে কাজ করবে, পিক আওয়ারে প্রতি চার মিনিটে ট্রেন চলাচল করবে – যা প্রতি ঘন্টায় 15 টি ট্রেন। সিডনি মেট্রো সকালের তিন ঘন্টার পিক সময় জুড়ে, ব্যাঙ্কস্টাউন থেকে সিডনি CBD এর মধ্যে প্রত্যেক অভিমুখে 51,000 যাত্রী পরিবহণ করতে সক্ষম হবে – যা বর্তমানের চাইতে অতিরিক্ত 15,000 যাত্রী।



উপরে: হার্লস্টোন পার্কে সিডনি মেট্রোর সংস্কারের কাজ

T ট্রেন M মেট্রো ==○== ট্রেনের বদলে বাস



\* শুধুমাত্র দক্ষিণ-পশ্চিম লিঙ্কের অপারেশন চলাকালীন মানচিত্রটি সঠিক।

## সাউথওয়েস্ট লিঙ্ক বাস পরিষেবা



## সাউথওয়েস্ট লিঙ্ক বাস পরিষেবার পুনরাবৃত্তির হার

- প্রতি 2 থেকে 4 মিনিট পরপর পিক পিরিয়ডের সময়
- অন্তত প্রতি 10 মিনিটে দিনের বেশিরভাগ সময় জুড়ে
- অন্তত প্রতি 15 মিনিটে গভীর রাতে

## ব্যাঙ্কস্টাউনের পশ্চিমে ট্রেন স্টেশনগুলির জন্য কী পরিবর্তন করা হয়েছে?

ব্যাঙ্কস্টাউনের পশ্চিমের যাত্রীরা যাতে ট্রেন পরিষেবাগুলিতে অ্যাক্সেস অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করতে একটি নতুন সময়সূচী চালু করা হবে।

### T3 লিভারপুল এবং ইনার ওয়েস্ট লাইন

লিভারপুল এবং সিটি সার্কেলের মধ্যে বর্তমানে চলমান ব্যাঙ্কস্টাউন হয়ে ট্রেন পরিষেবাগুলি নতুন T3 লিভারপুল এবং ইনার ওয়েস্ট লাইনে রিজেন্টস পার্ক এবং লিডকম্ব হয়ে সিডনি CBD পর্যন্ত চলবে। এটি বেরালা, রিজেন্টস পার্ক, ক্যারামার, ভিলাউড, লেইটনফিল্ড, চেসটার হিল এবং সেফটন থেকে সিডনি CBD-তে সরাসরি পরিষেবা বহাল থাকবে।

### নতুন T6 Lidcombe এবং Bankstown লাইন

লিডকম্ব এবং ব্যাঙ্কস্টাউন এর মধ্যে একটি নতুন ট্রেন পরিষেবা চালু হবে। যাত্রীরা সিডনি CBD, লিভারপুল বা ব্যাঙ্কস্টাউনে পরিষেবাগুলি অ্যাক্সেস করতে রিজেন্টস পার্কে নতুন T6 লিডকম্ব এবং ব্যাঙ্কস্টাউন লাইন এবং T3 লিভারপুল এবং ইনার ওয়েস্ট লাইনের মধ্যে অদল-বদল করতে সক্ষম হবে।

### ট্রেন প্রতিস্থাপন বাস

চূড়ান্ত সংস্কারের প্রাক্কালে মাঝে মাঝে, ট্র্যাক আপগ্রেড এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রমের জন্য বাসের মাধ্যমে লিডকম্ব এবং ব্যাঙ্কস্টাউন এর মধ্যে T6 লাইনে ট্রেনগুলিকে প্রতিস্থাপন করা হবে।

## আরস্কেনভিল এবং সেন্ট পিটার্স এর যাত্রীদের জন্য কি পরিবর্তন হবে?

আরস্কেনভিল এবং সেন্ট পিটার্স যাত্রীরা T8 এয়ারপোর্ট এবং সাউথ লাইনে সিডনি CBD অভিমুখে এবং থেকে সরাসরি পরিষেবা পেতে থাকবে।

## ট্রেন এর পরিবর্তে বাসে টিকিট



যাত্রীদেরকে একটি বৈধ ওপাল কার্ড, আমেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড বা ভিসা কার্ডের প্রয়োজন হবে যাতে তারা এসব ট্রেন এর পরিবর্তে বাসে ভ্রমণের জন্য ওপাল রিডারগুলিতে ট্যাপ অন এবং ট্যাপ অফ করতে সক্ষম হয়। আগে থেকে পরিকল্পনা করুন এবং অনলাইনে বা একটি ওপাল বিক্রেতার কাছ থেকে একটি ওপাল কার্ড কিনুন।

## আমি কিভাবে অবহিত থাকতে পারি?

সচেতন থাকুন এবং বিকল্প পরিবহণের বিষয়ে সময়মত আপডেট পেতে

[transportnsw.info/southwestlink](https://transportnsw.info/southwestlink)-তে দেখুন

